ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৬২

বিলোনীয়া, ২৯ অক্টোবর, ২০২৫

**বিলোনীয়ায় ৬-৮ নভেম্বর ব্যাডমিন্টন স্কুল স্পোর্টস মিট**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামী ৬-৮ নভেম্বর ১৪ বছর এবং ১৭ বছর অনুর্দ্ধ ছেলে ও মেয়েদের রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন স্কুল স্পোর্টস মিট বিলোনীয়া বিকেআই ইন্ডোর হলে অনুষ্ঠিত হবে। এই স্পোর্টস মিটকে সফল করতে আজ বিলোনীয়া পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুর পরিষদের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সদস্য দীপায়ণ চৌধুরী, সমাজসেবী সায়ন্তন দত্ত, ক্রীড়া দপ্তরের জেলা আধিকারিক ঋতেশ শীল সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। প্রতিযোগিতা সফল করতে একটি কার্যকরি কমিটি ও বিভিন্ন উপ কমিটি গঠন করা হয়।

******